বহুল প্রতীক্ষিত চিৎলা- জুড়ানপুর সড়কের পুনঃনির্মাণ কাজের উদ্বোধন

বহুল আলোচিত ও প্রতিক্ষিত চিৎলা-জুড়ানপুর হয়ে হোগলডাঙ্গা- হেমায়েতপুর সড়কের পুনঃনির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার সকাল ১০ টায় চিৎলার মোড়ে আনুষ্ঠানিকভাবে এই পুনঃনির্মাণ কাজের উদ্বোধন করা হয়।
এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা দুই আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু জেলা পরিষদের সদস্য সফিউল কবির ইউসুফ,পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, দামুড়হুদা উপজেলা কৃষক লীগের সভাপতি রফিকুল ইসলাম রফিক, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন কৃষকলীগ সভাপতি ও জুড়ানপুর ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শরিফ উদ্দিন, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক আবদুল কাদির, যুবলীগ নেতা আবদুল করিম, জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একরামুল হক, সহকারী শিক্ষক সিদ্দিকুর রহমান, শামীম হোসেন, মনির হোসেন, জাহাঙ্গীর কবির, আলমগীর হোসেন, সাংবাদিক মশিউর রহমান তুষার সহ স্থানীয় আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগসহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতা- কর্মী সহ বিভিন্ন মিডিয়ার সাংবাদিক বৃন্দরা।
এসময় চুয়াডাঙ্গা দুই আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি বলেন, আওয়ামী লীগ সরকার দেশের প্রতিটি অঞ্চলে ও প্রতিটি পর্যায়ে উন্নয়নের ক্ষেত্রে কাজ করে যাচ্ছে। দেশের তৃণমূল পর্যায়ে থেকে শুরু করে রাস্তাঘাট সহ বিভিন্ন প্রতিষ্ঠান নির্মাণ করে যাচ্ছে। বাংলাদেশ আর তলাবিহীন ঝুড়ি নেই, উন্নয়নের জোয়ার বইছে গোটা দেশ জুড়ে। তাই আসুন আমরা সকলে দেশনেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশকে আরো উন্নয়নশীল দেশে পরিণত করতে সবাইকে সাথে নিয়ে কাজ করি।

মেহেরপুরে বাউল সম্রাট লালন শাহের ১৩১ তম তিরোধান পালন

মেহেরপুরে বাউল সম্রাট লালন শাহের ১৩১ তম তিরোধান উপলক্ষে দুই দিনব্যাপী লালন স্মরণোৎসব এর উদ্বোধন করা হয়েছে।
গতকাল সোমবার সন্ধ্যায় মেহেরপুর আমঝুপির চাঁদবিল মায়েরদান শান্তি আশ্রমে অনিল গোসাই এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসিবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ।

এসময় লালনগীতি ও লালনের জীবন কাহিনী তুলে ধরা হয়।
এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর সরকারি কলেজের সহকারি অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সাম্পাদক আল আমিন, বাড়িবাঁকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্তী, আমঝুপি শ্মশানঘাট পূজা কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার সহ বিভিন্ন স্থান থেকে আসা ভক্তবৃন্দুরা উপস্থিত ছিলেন।

এসময় অনুষ্টানটির সঞ্চালনায় ছিলেন, ডেইলি অবজারভার, গাজী টিভি, দৈনিক সংবাদ এর মেহেরপুর জেলা প্রতিনিধি, রফিকুল আলম।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন চাঁদপুর ইউনিয়ন

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ট্র হামিদুর রহমান

স্টেডিয়ামে খেলাটি অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়ন ২-০ গোলে সদর উপজেলার ঘোড়শাাল ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। করোনা মহামারী উপক্ষো করে দু’দলের এই তুমুল প্রতিদ্বন্দীতা পূর্ণ খেলা ঝিনাইদহের মানুষ দীর্ঘ দিন পর উপভোগ করেন। খেলা শুরু হতে না হতেই গ্যালারী কানাই কানাই পূর্ণ হয়ে যায়।

মাস ব্যাপী এ টুর্নামেন্টের সভাপতির দায়িত্বে ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম এমপি, পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ও জাহেদি ফাউন্ডেশন নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদি মহুল,

হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানাসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও জেলার ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ।

খেলায় চ্যাম্পিয়ন দলকে ৩ লাখ টাকা এবং রানার্স আপ দলকে ২ লাখ টাকা প্রাইজমানি হিসেবে উপহার দেওয়া হয়।

কালীগঞ্জে মাস্ক না পরায় জরিমানা

মহামারি করোনা প্রতিরোধে জনসচেতনতা বাড়াতে মাঠে নেমেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রশাসন।

সোমবার সকাল ১২ টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নেতৃত্বে শহরের মেইন বাসষ্ট্যান্ড, মধুগঞ্জ বাজার সহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় সড়কে চলাচলকারী যাত্রীবাহী বাস, ইজিবাইক, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মাস্ক পরিধান না থাকায় জরিমানা আদায়সহ ফ্রি মাস্ক বিতরণ করেন।

ভ্রাম্যমাণ আদালত অভিযানের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কালীগঞ্জ ইউএনও সূবর্ণা রানী সাহা জানান, বাড়ছে করোনার প্রকোপ। তা প্রতিরোধে মাস্ক পরিধান অত্যবশ্যকীয়। বিশেষ করে গনপরিবহন ও বিভিন্ন জনসমাগম স্থান গুলো করোনার জন্য ঝুকিপূর্ণ এলাকা।

তাই করোনা প্রতিরোধে সবার মধ্যে সচেতনতা বাড়াতেই এ অভিযান পরিচালনা করা হচ্ছে। এ সময়ে মাস্ক পরিধান না করাসহ মোটরসাইকেলের কাগজপত্র না রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ১৩’শ ৫০ টাকা জরিমানা আদায় করা হয়।

কোটচাঁদপুরে বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার স্থানীয় কাশিপুর সিরু মিয়ার ইট ভাটা চত্তরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির পায়রা উড়িয়ে সম্মেলনের কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু।

সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমান। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. এম.এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক আব্দুল মালেক, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক মো: আক্তারুজ্জামান, সদর থানার আহ্বায়ক অ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, কোটচাঁদপুর পৌর শাখার আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

সম্মেলনে থানা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী এবং পৌর কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, পৌর বিএনপির আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এসময় উপজেলা বিএনপি’র সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, ও পৌর বিএনপির সদস্য সচিব ফারুক হোসেন খোকন সহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত

‘পশুপাখি মারবো না, পরিবেশের ক্ষতি করবো না’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের হল রুমে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনা অঞ্চলের আয়োজনে ও বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এই সভার আয়োজন করা হয়।

বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলামের

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনার মৎস্য বিশেষজ্ঞ মফিজুর রহমান চৌধুরী, কুতুবউদ্দিন মাস্টার, আওয়ামী লীগ নেতা মতিউর রহমান মতি, সেলিম উদ্দিন মাস্টার, হাসান আলী মাস্টার, সাংবাদিক মশিউর রহমান, উদায়ন সংঘের প্রচার সম্পাদক শেখ সাদায়েত হোসেন সহ প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক গোলাম ছারোয়ার নান্নু।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন বিষ্ণূপুর মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক বেলায়েত হোসেন।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য প্রদান করেন নবম শ্রেণীর শিক্ষার্থী আফরোজ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে সুদিপ্ত কুমার সিংহ বলেন, পাখি ও প্রকৃতি পরিবেশের অবিচ্ছেদ্য অংশ। আমাদের দেশে প্রায় ৩৩৭ প্রজাতির দেশীয় পাখি রয়েছে। পাখি হল প্রকৃতির কীটনাশক, এরা কীট-পতঙ্গ ও নোংরা আবর্জনা খেয়ে রোগবালাই দমন করে পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইনে পাখি শিকার, হত্যা, ক্রয়-বিক্রয় ও পাচার করা দণ্ডনীয় অপরাধ। তাই আসুন আমরা সকলে আমদের পরিবেশটাকে সুন্দর রাখতে, নিজের অস্তিত্ব ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বন্যপ্রাণী সংরক্ষণ করি।

মেহেরপুরে কৃষক হত্যার দায়ে ৫ জনের যাবজ্জীবন কারাদন্ড

মেহেরপুরের হিজুলী গ্রামের নুর ইসলাম নামের এক কৃষককে হত্যার দায়ে ৫ জনের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। সোমবার ২২(মার্চ)

দুপুরে মেহেরপুর অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় ঘোষনা করেন।

সাজাপ্রাপ্ত আসামীরা হলো, সদর উপজেলার হিজুলী গ্রামের মোহাম্মদ হক(৫৩), মোহাম্মদ সোনা(৫০), সাগর (৩৫), আলফাজ ও হামিদুল। রায় ঘোষনার সময় মোহাসম্মদ হক ও সাগর আদালতে উপস্থিত থাকলেও আলফাজ, হামিদুল ও মেহাম্মদ সোনা পলাতক রয়েছে।

মামলার বিবরণে জানা গেছে, জমি সংক্রান্ত বিরোধের জের ধরে ২০১০ সালের ২০ মার্চ রাতে হিজুলী গ্রামের নুর ইসলাককে হত্যা করা হয়। ওই ঘটনায় নুর ইসলামের স্ত্রী সাকেলা খাতুন বাদি হয়ে ১১ জনকে আসামী করে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করে। যার নং- ১৪, জিআর ১২৩/১০। মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই কামাল সাজাপ্রাপ্ত আসামীদের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেন। মামলায় ১৪ জন সাক্ষির সাক্ষ্য গ্রহনের পর আদালত ৫জনকে যাবজ্জীবন কারাদন্ডাদেশ দেন। মামলায় রাষ্ট্র পক্ষের আইনজীবী ছিলেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক ও আসামী পক্ষের আইনজীবী ছিলেন এ্যাড. আসাদুল আযম খোকন।

এখনও বাতাসে ষড়যন্ত্রের গন্ধ, কালনাগিনীর বিষাক্ত ছোবল’

‘সাম্প্রদায়িক অপশক্তির’ বিষয়ে দলীয় নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
তিনি বলেন, আওয়ামী লীগকে ঐক্যবদ্ধ থাকতে হবে, এসব অপশক্তির বিরুদ্ধে ঐকবদ্ধ হওয়ার কোনো বিকল্প নেই।

তিনি সোমবার সকালে নওগাঁ জেলার পোরশা উপজেলার সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

ওবায়দুল কাদের তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সম্মেলনে যুক্ত হন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দলের সর্বস্তরের নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেন, এখনও বাতাসে ষড়যন্ত্রের গন্ধ পাওয়া যাচ্ছে। এখনও কালনাগিনীর বিষাক্ত ছোবল ও উগ্র- সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়ানো হচ্ছে। এদের বিরুদ্ধে সবাইকে ঐকবদ্ধ থাকতে হবে।

ওবায়দুল কাদের বলেন, স্বাধীনতাকে অর্থবহ করতে হলে সাম্প্রদায়িক অপশক্তিকে প্রতিহত করতেই হবে।

ইউপি নির্বাচনে দলীয় শৃঙ্খলা মেনে দলের মনোনীত প্রার্থীদের পক্ষে কাজ করতে নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান ওবায়দুল কাদের।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য ও দূরদর্শী নেতৃত্বে এগিয়ে যাওয়া বাংলাদেশ যখন বিদেশি সরকারপ্রধানদের প্রশংসায় ভাসছে, তখন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট ও দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপচেষ্টায় নির্লজ্জ মিথ্যাচারে নেমেছে বিএনপি।

নওগাঁ জেলার পোরশা উপজেলা সম্মেলনে উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো. আনোয়ারুল ইসলামের সভাপতিত্বে সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য দেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এসএম কামাল হোসেন, স্বাস্থ্য ও জনসংখ্যাবিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা, সংসদ সদস্য শহীদুজ্জামান সরকার, ব্যারিস্টার নিজাম উদ্দিন জলিল জন, কেন্দ্রীয় কার্যকরী সদস্য নুরুল ইসলাম ঠান্ডু, নওগাঁ জেলা আওয়ামী লীগের সভাপতি মো. আবদুল মালেক, খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার ও আনোয়ার হোসেন হেলাল প্রমুখ।

জীবননগর সীমান্তে চোরাচালান বিরোধী মতবিনিময় সভা

জীবননগরে গরুব্যবসায়ী, মাদক, চোরাচালান বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলার ৪নং সীমান্ত পরিষদের আয়োজনে সীমান্ত ইউনিয়ন পরিষদের হলরুমে এ আলোচনা ও

মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ মহেশপুর ৫৮-বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল কামরুল আহসান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মহেশপুর ৫৮-বিজিবির সহকারী পরিচালক নজরুল ইসলাম খান।
প্রধান অতিথি বক্তব্যে বলেন, সীমান্ত এলাকা দিয়ে যদি কেউ অবৈধ ভাবে ভারতীয় গরুব্যবসা, মাদক, চোরাচালান করে তা হলে সে যত বড় ক্ষমতাধার হোক না তাকে কোন ছাড় দেওযা হবে না। তার বিরুদ্ধে আইনগত কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এবং এ সমস্থ মাদক ব্যবসায়ী, চোরকারবারীদের বিষয়ে কেউ যদি সুপারিশ করতে আসে তাকেও ছাড় দেওয়া হবে না।
সীমান্ত ইউনিয়ন পরিষদের সচিব শাহিন বাবুর উপস্থাপনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, সীমান্ত ইউপি সদস্য জহুরুল ইসলাম, আঃ সালাম, সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগ নেতা জাকির হোসেন বিশ্বাস প্রমুখ।

হরিণাকুণ্ডুতে ভুল চিকিৎসায় ৫ শতাধিক মুরগির বাচ্চার মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আদর্শ আন্দুলীয়া গ্রামে সোনালী মুরগি খামারি আদর্শ পোল্ট্রি ফার্মে ভুল চিকিৎসা ও অতিরিক্ত ঔষধ প্রয়োগে ২৫ দিন বয়সী পাঁচশ সোনালী মুরগির বাচ্চা মারা গেছে। কুলবাড়ীয়া বাজারের ঔষধ বিক্রেতা আন্দুলীয়া ফার্মেসী’র মালিক জাহিদ হোসেনকে দায়ী করে অভিযোগ তুলেছে খামারের মালিক আশরাফুল আলম বিপ্লব।
ভূক্তভোগী হৃদরোগে আক্রান্ত খামারী বিপ্লব অভিযোগ করে বলেন, জাহিদ অতিরিক্ত আইটেম ও ভুল ঔষধ দেওয়ায় আমার খামারের বাচ্চাগুলো মারা গেছে।
তিনি আরও বলেন, গত মঙ্গলবার দুপুরে বাচ্চাদের পরিচর্যা করতে গিয়ে তিনি লক্ষ্য করলেন প্রায় ৭০ভাগ বাচ্চা চুন পাইখানা করছে, সন্ধ্যা নাগাদ তিনি কুলবাড়ীয়া বাজারে যান এবং আন্দুলীয়া ফার্মেসীর মালিক জাহিদ হোসেনের সাথে পরামর্শ করেন, তখন জাহিদ এলবিয়ন